

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মহাপরিচালকের কার্যালয়  
যুব উন্নয়ন অধিদপ্তর  
যুব ভবন  
১০৮ মতিবিল বা/এ, ঢাকা-১০০০  
[www.dyd.gov.bd](http://www.dyd.gov.bd)

স্মারক নং-৩৪.০১.০০০০.০২৯.৩৯.৫২৮.১৭-৪০৮

তারিখঃ

২৪ আগস্ট, ১৪২৩ বাঃ

৯ অক্টোবর, ২০১৭ খ্রিঃ

বিষয়ঃ ন্যাশনাল সার্ভিস কর্মসূচিতে( ৭ম পর্ব) অন্তর্ভুক্তির জন্য আবেদনের সময়সীমা ৩১/১০/২০১৭ খ্রিঃ পর্যন্ত বর্ধিতকরণ।

যুব ও ক্রীড়া মন্ত্রণালয়াধীন যুব উন্নয়ন অধিদপ্তরের মাধ্যমে পরিচালিত ন্যাশনাল সার্ভিস কর্মসূচির আওতায় অস্থায়ী কর্মসংস্থানের জন্য ৭ম পর্বে ১৪টি জেলার ২০টি উপজেলার (উপজেলাগুলো হলো- যথাক্রমে পিরোজপুর সদর, পিরোজপুর; কোম্পানীগঞ্জ,সিলেট; মতল্লব (উত্তর), ফরিদগঞ্জ,চাঁদপুর; নকলা,শেরপুর; সোনাগাজী,ফেনী; গাইবান্ধা সদর, পলাশবাড়ি, গাইবান্ধা; শরণখোলা, মোড়লগঞ্জ,মোহারহাট,বাগেরহাট; সরিষাবাড়ি,জামালপুর;দেবহাটা,সাতক্ষীরা সদর, সাতক্ষীরা; গোদাগাড়ি, রাজশাহী;মুরাদনগর,মাঙ্গলকোট,কুমিল্লা;আজমিরিগঞ্জ,হবিগঞ্জ;বেলকুচি, সিরাজগঞ্জ;নাগরপুর,টাঙ্গাইল উপজেলায়) আগ্রহী যুবক ও যুবনারীদের নিকট হতে এ কার্যালয়ের স্মারক নং-৩৪.০১.০০০০.০২৯. ৩৭.৫২৭.১৭-৩৬৪ তারিখ ৬ সেপ্টেম্বর মোতাবেক 'দৈনিক সমকাল' ৮ সেপ্টেম্বর ২০১৭ ও 'বাংলাদেশ প্রতিদিন' ৯ সেপ্টেম্বর ২০১৭ ও 'দৈনিক আমাদের সময়' ১৩ সেপ্টেম্বর ২০১৭ তারিখে প্রকাশিত বিজ্ঞপ্তির মাধ্যমে আবেদন আহ্বান করা হয়। প্রকাশিত বিজ্ঞপ্তিতে আবেদনের সর্বশেষ তারিখ ১০/১০/২০১৭ খ্রিঃ তারিখ উল্লেখ ছিল। অধিক সংখ্যক যুবক ও যুবনারীকে কর্মসূচিতে অন্তর্ভুক্তির সুবিধার্থে আবেদনের সময়সীমা ৩১/১০/২০১৭ খ্রিঃ পর্যন্ত বর্ধিত করা হলো। যে সকল যুবক/যুবনারী ইতোপূর্বে কর্মসূচিতে অন্তর্ভুক্তির জন্য আবেদন করেছেন তাদের নতুন করে আবেদন করার প্রয়োজন নেই। যারা ইতোমধ্যে আবেদন করেননি শুধুমাত্র তারাই বর্ধিত সময়সীমার মধ্যে আবেদন করতে পারবেন। পূর্বে প্রকাশিত বিজ্ঞপ্তির শর্তাদি,আবেদন ছক ও অন্যান্য তথ্যাদি অপরিবর্তিত থাকবে। প্রয়োজনে উল্লিখিত উপজেলার আগ্রহী যুবক/যুবনারীদের উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার কার্যালয়ে যোগাযোগ করার জন্য অনুরোধ করা হলো।

(আবুল হাছান খান)  
(যুগ্ম সচিব)  
পরিচালক(পরিকল্পনা)  
যুব উন্নয়ন অধিদপ্তর

ও  
পরিচালক(অঃ দাঃ)  
ন্যাশনাল সার্ভিস কর্মসূচি  
ফোনঃ ৯৫৬০৭০৩